

শর্ত না মানলে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বাতিল- শিক্ষামন্ত্রী

প্রতিনিধি, সিলেট

শর্ত না মানলে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বাতিল করার ইচ্ছা প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়কে আইন মানতে হবে। শর্ত মেনে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়কে সঠিক ক্যাম্পাসে যেতে হবে। অন্যথায় আমরা বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বাতিল করে দেবো। গত বৃহস্পতিবার দুপুরে সিলেট মেট্রোপলিটন ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসের প্রথম ভবনের উদ্বোধনকালে এমন মন্তব্য করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শিক্ষামন্ত্রী বলেন, 'উন্নত বাংলাদেশ বিনির্মাণে সহযোগী হিসেবে গড়ে তোলাই হচ্ছে আমাদের শিক্ষার মূল লক্ষ্য। গতানুগতিক শিক্ষায় এটা হবে না, এজন্য প্রয়োজন আমূল পরিবর্তন। একজন শিক্ষার্থীকে শুধু শিক্ষা নয়, সং, ভালো ও মূল্যবোধ সম্পন্ন মানুষ হতে হবে।' তিনি বলেন, 'সিলেট একসময় শিক্ষায় পিছিয়ে ছিল। আমরা চেষ্টা চালিয়ে সিলেটকে জাতীয় পর্যায়ে সমানতালে এগিয়ে নিয়েছি।' ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. জৌফিক রহমান চৌধুরীর সভাপতিত্বে ও সহকারী প্রক্টর অ্যাডভোকেট আব্বাস উদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন এনআরবিসি ব্যাংকের চেয়ারম্যান তমাল এসএম পারভেজ, ব্যাংকটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ইঞ্জিনিয়ার ফরাছত আলী প্রমুখ।